# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৪২) তাকদীর লিখার স্তরে কয়টি তাকদীর লিখা হয়েছে?

উত্তরঃ পাঁচটি তাকদীর লিখা হয়েছে। তবে সবগুলোই আল্লাহর ইল্ম অনুযায়ী লিখা হয়েছে। সুতরাং তাকদীর পাঁচটি হচ্ছেঃ

(১) প্রথম তাকদীরটি আল্লাহ্ আসমান ও যমীন সৃষ্টির পঞ্চাশ হাজার বছর পূর্বে লিখেছেন। কলম সৃষ্টি করে তাকে লিখতে বললেন। একে তাকদীরে আযালী তথা চিরন্তন বা চিরস্থায়ী তাকদীর বলা হয়।

(২) তাকদীরে উমরী অর্থাৎ সারা জীবনের তাকদীর। যেদিন আল্লাহ্ তাআলা

(أَلَسْتُ بِرَبِّكُمْ)

“অর্থাৎ আমি কি তোমাদের প্রভু নই”? একথা বলে অঙ্গিকার নিয়েছিলেন সেদিন নির্ধারণ করেছেন।

(৩) তৃতীয় তাকদীরটিকেও তাকদীরে উমরী বলা হয়। মাতৃগর্ভে বীর্য থেকে সন্তান তৈরী হওয়ার সময় লিখিত তাকদীর।

(৪) বাৎসরিক তাকদীর। এটি লাইলাতুল কদরে হয়ে থাকে।

(৫) দৈনন্দিনের তাকদীর। পূর্বনির্ধারিত প্রত্যেক তাকদীর আপন আপন স্থানে বাস্তাবয়ন করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন